



Embassy of the People's Republic  
of Bangladesh  
Tokyo

**বাংলাদেশি পাসপোর্টে তথ্য সংশোধন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

এতদ্বারা জাপানপ্রবাসী সকল বাংলাদেশী ভাই-বোনদের জন্য জরুরীভাবে জানানো যাচ্ছে যে, কারো বাংলাদেশী পাসপোর্টের কোন গুরুত্বপূর্ণ তথ্য সংশোধন প্রয়োজন হলে, তা সংশোধনের জন্য বাংলাদেশ সরকার আগামী ২৮ অক্টোবর ২০২১ পর্যন্ত আবেদনের সময়সীমা নির্ধারণ করে দিয়েছে। এমতাবস্থায় যেসকল বাংলাদেশীদের পাসপোর্টের তথ্য সংশোধন করা প্রয়োজন, তাদেরকে উক্ত সময়সীমার মধ্যে দূতাবাসে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**পাসপোর্টে তথ্য সংশোধনের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা সমূহ নিম্নরূপঃ**

- পাসপোর্টে নিজের নাম, পিতা-মাতার নাম ও বয়স সংশোধনের জন্য জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/জেএসসি/জেডিসি/এসএসসি/এইচএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান - এর সনদপত্র জমা দিতে হবে।
- যাদের উপরোক্ত সনদপত্র নেই তাদের ক্ষেত্রে জন্মসনদ জমা দিতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে জাপানে আবেদনকারীর বৈধ ভিসার কপি/জাইরু কার্ডের কপি/পার্মানেন্ট রেসিডেন্সি কার্ড/জব আইডি কার্ড/স্টুডেন্ট আইডি কার্ড/ড্রাইভিং লাইসেন্স সংযুক্ত করতে হবে।
- পাসপোর্ট হারিয়ে গেলে হারানো পাসপোর্টের পুলিশ প্রতিবেদন বা জিডি কপি জমা দিতে হবে।
- আবেদনকারীকে তথ্য পরিবর্তনের জন্য লিখিতভাবে সাদা কাগজে আবেদন করতে হবে এবং সাদা কাগজে নিজ স্বাক্ষরিত একটি হলফনামা প্রদান করতে হবে এই মর্মে যে, ভবিষ্যতে কোনো আইনি জটিলতা হলে আবেদনকারী দায়ী থাকবেন এবং পাসপোর্টে তিনি এই তথ্য আর কখনোই পরিবর্তন করবেন না।

**বিশেষ দ্রষ্টব্য:**

- যে সকল বাংলাদেশীদের পাসপোর্টের মেয়াদ আছে, তাদের ক্ষেত্রে তথ্য সংশোধনের প্রয়োজন হলে উক্ত সময়ের মধ্যে আবেদন করতে হবে।
- বাংলাদেশসহ সারাবিশ্বে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের জন্য বাংলাদেশ সরকার ২৮ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত সময়সীমা বেঁধে দেয়ায় কেবলমাত্র এসময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে, তথ্য সংশোধন হয়ে পাসপোর্ট হাতে পাওয়ার বিষয়টি যথাযথ তদন্ত ও যাচাই-বাছাইঅন্তে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে পাসপোর্ট হাতে পেতে সাধারণের চেয়ে অতিরিক্ত সময় প্রয়োজন হবে।

